দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 1.1 1999 ... ...
পৃষ্ঠা: ১২ কলাম ৪

# বিশ্ব ব্যাংকের নীতি বিরূপ প্রভাব ফেলছে শিক্ষা ও স্বাস্থ্য খাতে

(নিজস্ব বার্তা পরিবেশক)

অর্থনৈতিক উন্নয়নের জন্য বিশ্ব ব্যাংকের সুপারিশ করা কাঠামোগত সংস্কার নীতি দেশের শিক্ষা এবং স্বাস্থ খাতে বিরূপ প্রভাব ফেলেছে। গতকাল রোববার বিকেলে কাঠামোগত সংস্কার নীতির উপর এক আলোচনা সভায় বক্তারা একথা বলেছেন।

কাঠামোগত সংস্কার নীতি প্রস্তুতি পর্যালোচনা উদ্যোগ (সাপ্রি)–এর বাংলাদেশ স্টিয়ারিং কমিটির উদ্যোগে গতকাল প্রশিকা মিলনায়তনে এই আলোচনার আয়োজন করা হয়। কমিটির আহ্বায়ক অধ্যাপক রেহমান সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনায় অংশ নেন অধ্যাপক মোজাফফর আহমদ, ডঃ দেবপ্রিয় ভট্টাচার্য, অধ্যাপক শাহেদ হোসেন, ডঃ কেরামত আলী, ফারুকুল আলম, ডঃ আলমগীর, আফরোজা নাহার রাশেদা, হেনা দাস ও শাহাবুদ্দিন।

বক্তারা বলেন, কাঠামোগত সংস্কার নীতির কারণে দেশের সবচেয়ে দরিদ্র জনগোষ্ঠী শিক্ষা ও স্বাস্থ্যসুবিধা পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে।

তারা বলেন, কাঠামোগত সংস্কার নীতিসহ যেকোন নীতি গ্রহণের বেলায় বাংলাদেশের আর্থ–সামাজিক বাস্তব প্রেক্ষাপটকে বিবেচনায় রাখতে হবে।

বক্তারা শিক্ষা খাতের উন্নয়নের জন্য, শিক্ষকদের বেতন বাড়ানো এবং এই খাতে বাজেট বরাদ্দ বাড়ানোর সুপারিশ করেন। এছাড়াও তারা শিক্ষার মান উন্নয়নের জন্য অবসরপ্রাপ্ত প্রবীণ শিক্ষকদের নিয়ে একটি পুল গঠন, এই খাত থেকে দুর্নীতি উচ্ছেদ এবং শিক্ষাঙ্গনে নৈতিক অবক্ষয় রোধ ঠেকানোর উদ্যোগ নেয়ার সুপারিশ করেন।

বক্তারা সরকারি স্বাস্থ্য খাতে চিকিৎসা ভাতার বদলে যৌথ স্বাস্থ্যবীমা ব্যবস্থা চালুরও সুপারিশ করেন।